গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাজেট-২ শাখা

...

সভাপতি	মোঃ মশিউর রহমান এনডিসি সচিব
সভার তারিখ	০১ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি.
সভার সময়	দুপুর ১২.০০ ঘটিকা
স্থান	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সভা কক্ষে এবং জুম প্ল্যাটফর্ম।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

বিষয়ঃ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহের ২০২২-২৩ অর্থ বছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৩-২৪, ২০২৪-২৫ অর্থ বছর পর্যন্ত বাজেট প্রক্ষেপন হালনাগাদকণের নিমিত্ত অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহের ২০২২-২৩ অর্থ বছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৩-২৪, ২০২৪-২৫ অর্থ বছর পর্যন্ত বাজেট প্রক্ষেপন হালনাগাদকণের নিমিত্ত ০১-০২-২০২২ তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে জুম প্ল্যাটফর্মে বাজেট ব্যবস্থাপনা কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-ক সদয় দ্রষ্টব্য।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাটি সঞ্চালনা করার জন্য এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) কে নির্দেশনা প্রদান করেন। অত:পর এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) সভায় জানান যে, অর্থ বিভাগ কর্তৃক গত ২৭-১২-২০২১ তারিখে জারিকৃত বাজেট পরিপত্র-১ এ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ১৯০০.০০ লক্ষ টাকা এবং ২০২৩-২৪, ২০২৪-২৫ অর্থ বছরের প্রাপ্তির প্রক্ষেপন যথাক্রমে ২০৯০.০০ লক্ষ টাকা এবং ২২৯৯.০০ লক্ষ টাকা। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের প্রাক্কলন ১৯৪৩০৮.০০ লক্ষ টাকা এবং ২০২৩-২৪, ২০২৪-২৫ অর্থ বছরের প্রক্ষেপন যথাক্রমে ২১৩৭৫২.০০ লক্ষ টাকা এবং ২৩৫১৪৩.০০ লক্ষ টাকা প্রাথমিক ব্যয় সীমা নির্ধারণ করা হয়েছে।

৩.০ সভায় উল্লেখ করা হয় যে, এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/প্রকল্পসমূহের আগামী অর্থ বছরের চাহিদা এবং পরবর্তী ০২ (দুই) অর্থ বছরের প্রক্ষেপন পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা করে গত ২৩ জানুয়ারি, ২০২২ তারিখে অনুষ্ঠিত সভায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের রাজস্ব প্রাপ্তি এবং এ বিভাগের সচিবালয় অংশ ও আওতাধীন দপ্তর/সংস্থার নিম্নরুপ ব্যয়সীমা নির্ধারনের জন্য সুপারিশ করা হয়:

ক) রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রাঃ

(অংকসমুহ লক্ষ টাকায়)

বিবরণ	প্রস্তাবিত বাজেট ২০২২-২৩	প্রক্ষেপণ ২০২৩-২৪	প্রক্ষেপণ ২০২৪-২৫
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (সচিবালয়)	১৭২.০০	১৭৪.০০	১৭৬.০০
সমবায় অধিদপ্তর	১৭২৮.০০	১৯১৬.০০	২১২৩.০০
সর্বমোট পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	১৯০০.০০	২০৯০.০০	২২৯৯.০০

খ) মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা/অন্যান্য প্রতিষ্ঠানের ব্যয়সীমাঃ

(অংকসমুহ লক্ষ টাকায়)

দপ্তর/সংস্থা	কার্যক্রম	বাজেট	সম্ভাব্য ব্যয়সীমা		
			প্রাক্কলন	প্রক্ষেপণ	
		২০২১-২২	২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
১	২	৩	৪	৫	৬
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সংযুক্ত তহবিলের মোট ব্যয়		১৭৯১৩৬.০০	১৯৪৩০৮.০০ (পি এ ১২০০.০০)	২১৩৭৫২.০০	২৩৫১৪৩.০০
সচিবালয়	সাধারণ কার্যক্রম	২২০০.০০	২২০৮.০০	১৬৯১.০০	১৭৪০.০০
	বার্ষিক উন্নয়ন কর্মসূচি	৫৭০৮৯.০০	৩৬৬১৭.০০ (থোক: ২১৯৯৭.০০)	৮১০২৬.০০	১৩৫৮৮৮.০০
	উপমোট (সচিবালয়)	৫৯২৮৯.০০	৩৮৮২৫.০০	৮২৭১৭.০০	১৩৭৬২৮.০০
	আন্তর্জাতিক প্রতিষ্ঠানের চাঁদা	৭০.০০	৭০.০০	৭০.০০	৭০.০০
সমবায় অধিদপ্তর	সাধারণ কার্যক্রম	২৮০০০.০০	৩১৭০০.০০	৩৩৫০০.০০	৩৫৮০০.০০
	বার্ষিক উন্নয়ন কর্মসূচি	০.০০	৪৯৪৬.০০	১০৫০.০০	০.০০
	উপমোট (সমবায় অধিদপ্তর)	২৮০০০.০০	৩৬৬৪৬.০০	২৯৮০০.০০	৩৫৮০০.০০
বিআরডিবি	সাধারণ কার্যক্রম	২৯০০০.০০	৩৫০০০.০০	৩৬৫০০.০০	৩৭৮০০.০০
	বার্ষিক উন্নয়ন কর্মসূচি	১৫৭৪০.০০	৪৫৮১০.০০	৪০৭১০.০০	১৫০০০.০০
	উপমোট (বিআরডিবি)	৪৪৭৪০.০০	৮০৮১০.০০	৭৭২১০.০০	৫২৮০০.০০
বার্ড, কুমিল্লা	সাধারণ কার্যক্রম	২৭৮১.০০	৩৫৫০.০০	৩৮২৫.০০	৩৯০০.০০
	বার্ষিক উন্নয়ন কর্মসূচি	৪৭১৫.০০	২০৪০.০০	০.০০	০.০০
	উপমোট (বার্ড)	৭৪৯৬.০০	৫৫৯০.০০	৩৭২৫.০০	৩৯০০.০০
আরডিএ, বগুড়া	সাধারণ কার্যক্রম	২৩৭৫.০০	৩০৫৭.০০	৩৫৪৪.০০	৩৪৩১.০০
	বার্ষিক উন্নয়ন কর্মসূচি	২৩৮৮৯.০০	৯৪৩৮.০০ (পি এ ১২০০.০০)	৪৩৭৪.০০	৩৪৪.০০
	উপমোট (আরডিএ)	২৬২৬৪.০০	১২৪৯৫.০০	৭৯১৮.০০	৩৭৭৫.০০
বাপার্ড	সাধারণ কার্যক্রম	৬৭৩.০০	৮৮০.০০	৯৬২.০০	১০৫২.০০
	বার্ষিক উন্নয়ন কর্মসূচি	০.০০	০.০০	০.০০	০.০০
	উপমোট (বাপার্ড)	৬৭৩.০০	৮৮০.০০	৯৬২.০০	১০৫২.০০
সমবায় ফেডারেশন	সাধারণ কার্যক্রম	১০৪.০০	১১২.০০	১২৬.০০	১১৮.০০
	উপমোট (সমবায় ফেডারেশন)	১০৪.০০	১১২.০০	১২৬.০০	১১৮.০০
এসএফডিএফ	বার্ষিক উন্নয়ন কর্মসূচি	০.০০	০.০০	০.০০	০.০০
	উপমোট (এসএফডিএফ)	০.০০	০.০০	০.০০	০.০০
পিডিবিএফ	বার্ষিক উন্নয়ন কর্মসূচি	২৫০০.০০	৩৬০০.০০	০.০০	০.০০
	উপমোট (পিডিবিএফ)	২৫০০.০০	৩৬০০.০০	০.০০	০.০০
মিল্ক ভিটা	বার্ষিক উন্নয়ন কর্মসূচি	১০০০০.০০	১৫২৮০.০০	৬৪৭৪.০০	০.০০
	উপমোট (মিল্ক ভিটা)	১০০০০.০০	১৫২৮০.০০	৬৪৭৪.০০	০.০০
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	উপমোট (সাধারণ কার্যক্রম)	৬৫২০৩.০০	৭৬৫৭৭.০০	৮০১১৮.০০	৮৩৯১১.০০
	উপমোট (বার্ষিক উন্নয়ন কর্মসূচি)	১১৩৯৩৩.০০	১১৭৭৩১.০০ (পি এ ১২০০.০০)	১৩৩৬৩৪.০০	১৫১২৩২.০০
	সর্বমোট (পউসবি)	১৭৯১৩৬.০০	১৯৪৩০৮.০০	২১৩৭৫২.০০	২৩৫১৪৩.০০

৪.০ গত ২৩ জানুয়ারি, ২০২২ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে এ বিভাগের সচিবালয় অংশ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/প্রকল্পসমূহের ২০২২-২৩ অর্থ বছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৩-২৪, ২০২৪-২৫ অর্থ বছরের প্রক্ষেপন অর্থ বিভাগের iBAS++ সিস্টেমে বিস্তারিত অর্থনৈতিক কোডভিত্তিক এন্ট্রি প্রদান করা হয়েছে, যা সভায় বিশদভাবে পর্যালোচনা করা হয়। ২০২২-২৩ অর্থ বছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৩-২৪, ২০২৪-২৫ অর্থ বছরের বাজেট প্রক্ষেপন অর্থনৈতিক কোডভিত্তিক এন্ট্রি প্রদানের ক্ষেত্রে iBAS++ সিস্টেমে বেশ কয়েকটি প্রকল্পের কোড যেমন, অভ্যন্তরীণ প্রশিক্ষণ, অভ্যন্তরীণ ভ্রমণ ব্যয়, সাধারণ সরবরাহ, তথ্য যোগাযোগ প্রযুক্তি সরঞ্জামাদি, উন্নয়ন ঋণের অর্থ এন্ট্রির জন্য কোড না পাওয়ায় এ সকল কোডের অর্থ অন্য কোডে এন্ট্রি প্রদান করা হয়েছে। অর্থ বিভাগে iBAS++ সিস্টেমে সংশ্লিষ্ট কোড সৃজনের প্রস্তাব প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। সভায় আরও উল্লেখ করা হয় এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার বরাদ্দবিহীনভাবে অননুমোদিত প্রকল্পসমূহের জন্য ২০২২-২৩ অর্থ বছরে এ বিভাগের সচিবালয় অংশে মোট ২১৯৯৭.০০ লক্ষ টাকা থোক বরাদ্দের জন্য প্রস্তাব করা হয়েছে।

৫.০ **অত:পর সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

ক) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার বাজেট কাঠামো, এ বিভাগের সচিবালয় অংশ ও আওতাধীন দপ্তর/সংস্থার ২০২১-২২ অর্থ বাজেট প্রাক্কলন এবং ২০২৩-২৪, ২০২৪-২৫ অর্থ বছরের প্রক্ষেপণ অনুমোদন করা হলো।

খ) iBAS++ সিস্টেমে সংশ্লিষ্ট কোড সৃজনের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী পরবর্তীতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

গ) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার বাজেট কাঠামো, নির্ধারিত ব্যয় সীমা অনুযায়ী এ বিভাগের সচিবালয় অংশ ও আওতাধীন দপ্তর/সংস্থার বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ (পরিচালন ও উন্নয়ন) যথাসময়ে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

৬.০ অত:পর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ মশিউর রহমান এনডিসি
সচিব

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৩৬.২০.০৭২.২১.৫

তারিখ: ১৯ মাঘ ১৪২৮
০২ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার
ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
২) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৩) সচিব , অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৫) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৬) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৮) অতিরিক্ত সচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৯) অতিরিক্ত সচিব, আইন ও প্রতিষ্ঠান অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১০) অতিরিক্ত সচিব, প্রশাসন ও বাজেট অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১১) নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর
১২) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
১৩) মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
১৪) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি: (মিল্কভিটা)
১৫) প্রকল্প পরিচালক, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি)-৩য় পর্যায় প্রকল্প, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
১৬) যুগ্মসচিব, উন্নয়ন অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১৭) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১৮) মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মহাপরিচালক এর দপ্তর, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)
১৯) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)
২০) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)
২১) উপসচিব, উন্নয়ন শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
২২) উপসচিব (প্রশাসন), প্রশাসন অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
২৩) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
২৪) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
২৫) সহকারী সচিব, বাজেট-১ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
২৬) চীফ এ্যাকাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার, , চীফ এ্যাকাউন্ট এ্যান্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুণবাগিচা, ঢাকা।
২৭) সিস্টেম এনালিস্ট , আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
২৮) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
২৯) নিবাহী সচিব, বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন ও সমবায় ফেডারেশন, ২২ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।



নাহরিন সুলতানা
সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)